

## নির্বাচনে নিষেধাজ্ঞায় হতবাক ঢাবির শিক্ষকরা

### বিশুবিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশুবিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনের ওপর আদালতের নিষেধাজ্ঞার ঘটনায় শিক্ষক সমিতির নেতারা বিস্ময়

প্রকাশ করেছেন। গতকাল বৃহস্পতিবার রাতে বিশুবিদ্যালয় শিক্ষক ক্লাবে এক সংবাদ সম্মেলনে শিক্ষক সমিতির নেতারা নির্বাচন পরিস্থিতি, প্রশাসনের ভূমিকাসমূহ আনুষ্ঠানিক বিষয় তুলে ধরেন। শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের জরুরি সভা শেষে তারা সংবাদ সম্মেলন করেন।

সংবাদ সম্মেলনে শিক্ষক নেতারা বলেন, অদৃশ্য শক্তি আছে না ঢাকা বিশুবিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন হোক। একজন ছাত্রের মামলায় শিক্ষক সমিতির নির্বাচন বন্ধ হতে পারে না। কেন না এই ছাত্র শিক্ষক সমিতির সদস্য নন।

সংবাদ সম্মেলনে সংগঠনের সভাপতি অধ্যাপক সদরুল আমিন, সাধারণ সম্পাদক অধ্যাপক আনোয়ার হোসেন, অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, অধ্যাপক আবতারকজ্জামান, অধ্যাপক হারুন-অর-রশীদ, অধ্যাপক সাদেকা হালিম, অধ্যাপক তাজমেদী এসএ ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।